

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪১১

আগরতলা, ৩০ ডিসেম্বর, ২০২৩

আগরতলা অবস্টেট্রিকস এন্ড গাইনোকোলজি সোসাইটির বার্ষিক সম্মেলন

মানুষের কাছে উন্নত স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেওয়ার
লক্ষ্যে সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে : মুখ্যমন্ত্রী

সমাজে ভগবানের পরই চিকিৎসকদের স্থান। চিকিৎসা পরিষেবা দেওয়ার মধ্য দিয়ে চিকিৎসকগণ মানুষের কাছে যাওয়ার সুযোগ পেয়ে থাকেন। এতেই এই পেশার সার্থকতা। আজ আগরতলার চন্দ্রমহলে ৩৭তম আগরতলা অবস্টেট্রিকস এন্ড গাইনোকোলজি সোসাইটির বার্ষিক সম্মেলনের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। সম্মেলনের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বলেন, প্রসূতি ও স্ত্রীরোগ বিশেষজ্ঞগণ স্বাস্থ্য পরিষেবা প্রদানে কাজ করছেন। বর্তমান রাজ্য সরকারও মানুষের কাছে উন্নত স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার জনগণকে উন্নত স্বাস্থ্য পরিষেবা দিতে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে।

সম্মেলনে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে ডেন্টাল কলেজ হবে তা কোনদিন ত্রিপুরাবাসী ভাবতেও পারেননি। এই সরকারের উদ্যোগে রাজ্যে এখন একটি আধুনিক ডেন্টাল কলেজ চালু হয়েছে। রাজ্যের প্রান্তিক জনপদগুলিতে উন্নত স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দিতে আরও ১০০টি উপ স্বাস্থ্য কেন্দ্র গড়ে তোলা হবে। এজন্য চলতি অর্থবছরের বাজেটে অর্থের সংস্থান রাখা হয়েছে। তিনি বলেন, চিকিৎসা পরিষেবা প্রদানে চিকিৎসকদের সবসময় আন্তরিক থাকতে হবে। বর্তমান সরকার শুধু কথায় নয় কাজে বিশ্বাসী। রাজ্য সরকার সমাজের প্রতিটি মানুষের কল্যাণে কাজ করছে। ত্রিপুরা এখন দেশের সঙ্গে সমান তালে উন্নয়নের দিশায় এগিয়ে চলছে। মুখ্যমন্ত্রী আগরতলা অবস্টেট্রিকস এন্ড গাইনোকোলজি সোসাইটির বার্ষিক সম্মেলনের সাফল্য কামনা করেন।

সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন আগরতলা অবস্টেট্রিকস এন্ড গাইনোকোলজি সোসাইটির চেয়ারম্যান ডা. বাপ্পাদিত্য সোম। বক্তব্য রাখেন সোসাইটির সম্পাদক ডা. দেবাশিষ দাস ও ডা. দিলিপ দাস। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন সোসাইটির সভাপতি ডা. মঙ্গল মানিক দেববর্মা। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আগরতলা অবস্টেট্রিকস এন্ড গাইনোকোলজি সোসাইটির ৩৭তম বার্ষিক সম্মেলন উপলক্ষে প্রকাশিত একটি স্মারক গ্রন্থের আবরণ উন্মোচন করেন। সোসাইটির পক্ষ থেকে প্রবীণ চিকিৎসক অজিত কুমার রায়কে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা ডা. অজিত কুমার রায়ের হাতে সোসাইটির পক্ষ থেকে স্মারক উপহার তুলে দেন।
